দৈনিক ইনকিলাব

তারিখ ..03 SEP 1987... ...
পৃষ্ঠা... ... ..1...কলাম...2... ...

C49

# ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার দাবীতে মিছিল ভাংচুর

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

আগামী চারদিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার সুনির্দিষ্ট তারিখ ঘোষণা ও হলসমূহ খুলে দেয়ার দাবীতে একদল ছাত্র গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের অফিস কক্ষের ২টি দরজা ভাংচুর ও প্রশাসনিক ভবনের কক্ষসমূহে তালা লাগিয়ে দেয়।

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

প্রথম পৃষ্ঠার পর

এর আগে তারা অপরাজেয় বাংলার পাদদেশে একটি সভা করে। সভা শেষে তারা মিছিল করে ভিসি'র অফিসের সামনে গিয়ে সমবেত হয়ে ভাংচুর ও কক্ষের দরজায় তালা ঝুলিয়ে দেয় এবং বিভিন্ন শ্লোগান দিতে থাকে। ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান এ সময় তাদের উদ্দেশ্যে বলেন, আগামী চারদিনের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণা করা হবে।

পরে ছাত্ররা বিভিন্ন দৈনিকের বিশ্ববিদ্যালয় রিপোর্টারদের জানায়, আগামী ১০ সেপ্টেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয় না খোলা হলে ৭ সেপ্টেম্বর বটতলায় ঘোষিত সমাবেশ থেকে বৃহত্তর কর্মসূচী নেয়া হবে।